# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | স্বাস্থ্য | 20 June, 2025

চট্টগ্রামে গত ২৪ ঘণ্টায় আরও ৬ জনের শরীরে প্রাণঘাতী করোনা ভাইরাসের জীবাণু শনাক্ত হয়েছে।তবে এদিন কোনো রোগীর মৃত্যু হয়নি। এ নিয়ে চট্টগ্রামে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়ালো ৫৬ জনে।শুক্রবার (২০ জুন) বিকেলে সিভিল সার্জন কার্যালয়ের প্রকাশিত এক প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে।

প্রতিবেদনে বলা হয়, চট্টগ্রামের ৬টি ল্যাবে গত ২৪ ঘণ্টায় ৮১টি নমুনা পরীক্ষা করা হয়।এর মধ্যে চট্টগ্রাম মেডিকেল কলেজে ১৩টি, শেভরনের ল্যাবে ১৬টি, মেডিকেল সেন্টার হাসপাতাল ল্যাবে ১৩টি, ন্যাশনাল হাসপাতালে ১৭টি, মেট্রোপলিটন হাসপাতালে ১০টি, এবং এভারকেয়ার হাসপাতাল ল্যাবে ১২টি নমুনা পরীক্ষা করা হয়।

পরীক্ষার ফলাফলে চট্টগ্রাম মেডিকেল কলেজ ল্যাবে ১ জন, শেভরনের ল্যাবে ২ জন, ন্যাশনাল হাসপাতাল ল্যাবে ১ জন এবং মেট্রোপলিটন হাসপাতালে ২ জন নতুন করোনা রোগী শনাক্ত হন।

এ বিষয়ে সিভিল সার্জন ডা. জাহাঙ্গীর আলম চৌধুরী জানান, গত ২৪ ঘণ্টার ৮১ জনের নমুনা পরীক্ষায় ৬ জন করোনা আক্রান্ত শনাক্ত হয়েছেন।নতুন আক্রান্তদের মধ্যে ৬ জনই নগরীর বিভিন্ন এলাকার বাসিন্দা।

উল্লেখ্য, মোট করোনা আক্রান্ত ৫৬ জনের মধ্যে ৪৯ জনই চট্টগ্রাম নগরীর বাসিন্দা এবং বাকি ৭ জন বিভিন্ন উপজেলার বাসিন্দা।নতুন করে করোনা ভাইরাসের সংক্রমণ বাড়ার মধ্যে চট্টগ্রামে এ পর্যন্ত ১ জনের মৃত্যু হয়েছে।

চট্টগ্রাম করোনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 21 June, 2025 00:19

URL: https://timestodaybd.com/health/9101673510